যুগান্তর

তারিখ ..17.DEC.2017...
পৃষ্ঠা ...১৫.. কলাম ...৫......

# কলাপাড়ায় পরীক্ষার প্রশ্নপত্র নিয়ে ক্ষোভ

**কলাপাড়া প্রতিনিধি**

কলাপাড়ায় প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর ইসলাম ও নৈতিক শিক্ষা বিষয়ের বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্রে নবীর সঙ্গে এক শিক্ষকের তুলনা করার ঘটনা নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরালের পর এখন গোটা কলাপাড়ায় তোলপাড় চলছে। বিরাজ করছে চাপা ক্ষোভ। উপজেলা শিক্ষা অফিস কলাপাড়া কর্তৃক ছাপানো প্রশ্নপত্রে বৃহস্পতিবার ওই পরীক্ষা সম্পন্ন হয়েছে। শিশুরা পরীক্ষা দিলেও বিষয়টি বুঝতে পারেনি। কিন্তু শিক্ষক এবং অভিভাবকরা বিষয়টি পর্যায়ক্রমে জানতে পেরে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ ফটোকপি করে একে অপরকে সরবরাহ করতে থাকে। প্রশ্নটিতে লেখা রয়েছে 'নুরবাহাদুর স্যার সুন্দর বক্তৃতা করতে পারেন। কোন নবীর সঙ্গে তার এ গুণটি সাদৃশ্যপূরণ' (এখানে সাদৃশ্যপূর্ণ লেখা হয়নি)। মজার বিষয় হয়েছে কলাপাড়ায় উপাধ্যক্ষ নুরবাহাদুর স্যার নামের একজন অবসরপ্রাপ্ত কলেজ শিক্ষক রয়েছেন। যিনি কলাপাড়া পৌর বিএনপির সভাপতি। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মনিলাল সিকদার জানান, প্রশ্নপত্রসহ পরীক্ষা পরিচালনা কমিটির দায়িত্বে রয়েছেন সহকারী শিক্ষা অফিসার আবুল বাশার।

প্রাপ্তি নং..........................
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর